



বেআইনি নির্মাণ অবিলম্বে ভেঙে ফেলার কড়া নির্দেশ দিলেন বিচারপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ২ এপ্রিলঃ একটি-দুটি নয় একই জায়গায় পর পর চোদ্দটি বেআইনি নির্মাণের হদিশ মিলল শহর কলকাতায়। অবিলম্বে সেগুলি ভেঙে ফেলতে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। এ যেন কৈটো খুঁড়তে বেরিয়ে এল কেউটে! যত কাণ্ড সেই নারকেলাডাঙ্গা থানা এলাকাতেই। এবার ওই থানা এলাকার তিন নম্বর বরের ২৯ নম্বর ওয়ার্ডে পর পর ১৪টি বেআইনি নির্মাণের হদিশ পেল কলকাতা পুরসভা। এর আগে ওই এলাকায় সদ্যর বেআইনি নির্মাণ হচ্ছে, এই অভিযোগে একটি মামলা দায়ের হয়েছিল কলকাতা হাইকোর্টে। মামলার প্রেক্ষিতে পুরসভার আধিকারিকদের জায়গা পরিদর্শনের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অমৃত্যু সিনহা। মঙ্গলবার সংশ্লিষ্ট মামলার শুনানিতে পুরসভার তিন ইঞ্জিনিয়ার রিপোর্ট দিয়ে জানিয়েছেন, ২৯ নম্বর ওয়ার্ডের ৪৪১ ক্যানাল ইস্ট রোডে এমন মোট ১৪টি নির্মাণ রয়েছে যেগুলির কোন অনুমোদন প্রাপ্য নেই। বিষয়টি শোনার পরই বিচারপতি সিনহা প্রশ্ন তোলেন, এতদিন ধরে, কলকাতা পুরসভা কি করছিল? পুরসভার আইনজীবী জানান, ইতিমধ্যেই ওই বেআইনি নির্মাণগুলিকে পুর আইনের ৪০১ নম্বর ধারায় নোটিশ দেওয়া হয়েছে। কিন্তু কীভাবে পুরসভার নজর এড়িয়ে পর পর চোদ্দটি বেআইনি নির্মাণ গড়ে উঠল তা নিয়ে প্রশ্ন তুলেছে উচ্চ আদালত। এরপরই বিচারপতি সিনহা নির্দেশ দেন, অবিলম্বে ডিজি বিল্ডিংকে এ ব্যাপারে পদক্ষেপ করতে হবে। আগামী সাত সপ্তাহের মধ্যে ওই ১৪টি বেআইনি নির্মাণ ভেঙে ফেলার ব্যবস্থা করতে হবে বলেও নির্দেশে উল্লেখ করেছেন বিচারপতি। এর আগে এই নারকেলাডাঙ্গা থানা এলাকাতেই একটি বেআইনি নির্মাণ ভাঙতে পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগে সবার হয়েছিল কলকাতা পুরসভা। সেই ঘটনায় নারকেলাডাঙ্গা থানার ওসিকে সশরীরে হাজিরার নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অমৃত্যু সিনহা। আরও একবার সেই নারকেলাডাঙ্গা থানা এলাকাতেই পরপর চোদ্দটি বেআইনি নির্মাণের হদিশ পাওয়া গেল।

এবার সব বুথেই লাইভ নজরদারি

দুরন্ত বার্তা, কলকাতা, ২ এপ্রিলঃ লোকসভা ভোট যাতে নির্বিক্রে, সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, তার জন্য প্রয়োজনীয় সব পদক্ষেপ নিয়ে নির্বাচন কমিশন। আর এবারের লোকসভা নির্বাচনে সব বুথেই ওয়েব কাস্টিং করার সিদ্ধান্ত কমিশনের। ২০১৯ সালের লোকসভা ভোটে ৫১.৬ শতাংশ ওয়েব কাস্টিং করা হয়েছিল। এবার সেই পরিধি আরও বাড়িয়ে সব বুথেই ওয়েব কাস্টিংয়ের ব্যবস্থা নির্বাচন কমিশনের। জানা যাচ্ছে, সের্ব জায়গায় ইন্টারনেটের সমস্যা হবে, সেই সব জায়গায় সিসিটিভি ক্যামেরা বসিয়ে লাইভ নজরদারি চালিয়ে নির্বাচন কমিশন। ফলে কোথাও কোনও ঘটনা ঘটলে, সঙ্গে সঙ্গে পদক্ষেপ করতে পারবে কমিশন এবং প্রয়োজন মতো কুইক রেসপন্স টিম বা কিউআরটিউকে সেখানে পাঠানো যাবে। গত লোকসভা ভোটে প্রায় ৫১.৬ শতাংশ ওয়েব কাস্টিং করা হয়েছিল। তবে এবার সব বুথেই ওয়েব কাস্টিং করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

দুরন্ত বার্তা, চালসা, ২ এপ্রিলঃ লোকসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা হয়ে গিয়েছে। আর গোটা দেশে আদর্শ আচরণবিধি চালু করা হয়েছে। তবে তার মধ্যেই রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অফিসারদের সঙ্গে দেখা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আর এই ঘটনা নিয়ে সবর হলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। “আইন সবার জন্য এক হওয়া উচিত” বলে আওয়াজ তুলেছেন মুখ্যমন্ত্রী। এটা নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের সমিল বলে মনে করেন মুখ্যমন্ত্রী। তবে আজ, মঙ্গলবার শান্তির বার্তাও দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। শান্তির থেকে বড় কিছু হয় না। কোনও অশান্তিতে জড়াবেন না, কোনও প্ররোচনায় পি দেবেন না। উত্তরবঙ্গ থেকে এই বার্তা দিলেন মুখ্যমন্ত্রী। তবে উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রী চালসার একটি চাটে যান। তারপর আদিবাসী মহিলাদের নাচে পা মেলালেন মমতা বন্দ্যোপাধ্যায়। আর বাজালেন ধামসা। এদিকে জলপাইগুড়ির প্রাকৃতিক বিপর্যয়ের কাগজে এখন আওয়াজ নিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবার রাত থেকেই উদ্ধারকাজে এবং ক্ষতিগ্রস্তদের সাহায্যের বিষয়টি খতিয়ে দেখছে মুখ্যমন্ত্রী। আজ, মঙ্গলবার জলপাইগুড়ি মার্শি ফেলেশিপ চার্চে যান মুখ্যমন্ত্রী। সেখানেই স্বল্প বক্তব্যের মাঝে প্রধানমন্ত্রীর বিষয়ে সবার হন মুখ্যমন্ত্রী। মমতা বন্দ্যোপাধ্যায়ের কথায়, “প্রধানমন্ত্রী রিজার্ভ ব্যাঙ্কের অফিসারদের সঙ্গে বৈঠক করতে পারেন। যখন আদর্শ আচরণবিধি চালু আছে, আমরা তো এসব পারি না। আইন আলাদা হবে কেন?” গত ১ এপ্রিল ৯০ বছরে পা

দিয়েছে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। মুম্বইতে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেখানে যোগ দেন প্রধানমন্ত্রী। সেখানে দেশের অর্থনীতি নিয়ে ভাষণও দেন। অন্যদিকে এই বিষয়টি নিয়েই প্রশ্ন তোলেন মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর কথায়, “আমরা আইন অমান্য করব না। তবে আমাদের



আসন্ন লোকসভা নির্বাচনে মুর্শিদাবাদ জেলা জুড়ে এবার সাগরদিঘি মডেলে ভোট হবে। মঙ্গলবার বহরমপুরে বললেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী। ...বিস্তারিত পাতা ৫



মঙ্গলবার তারাঠাট মন্দিরে পূজা দেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখি হলেন সদ্য প্রাক্তন আইপিএস বীরভূম লোকসভার বিজেপি প্রার্থী দেবাশিস ধরা। ...বিস্তারিত পাতা ৭



আইপিএলের ডরা বাজারে ভারতীয় টেনিসে ফের একটি স্মরণীয় ঘটনা ঘটল। এবার মিয়ামি ওপেনে খেতাব পেলেন ৪৪ বছরের রোহন বোপান্না। ...বিস্তারিত পাতা ৮

পশ্চিমবঙ্গ সহ ৬ রাজ্যে বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করল নির্বাচন কমিশন



নয়াদিল্লি, ২ এপ্রিলঃ লোকসভা ভোটের নির্ঘণ্ট ঘোষণার পর থেকে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। বাংলা সহ একাধিক রাজ্যের বিভিন্ন পদে বদল করা হয়েছে। এবার ভোটের আগে ৬ রাজ্যে বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করা হল। তালিকায় আছে পশ্চিমবঙ্গও। বাংলায় বিশেষ পর্যবেক্ষক হিসাবে নিয়োগ করা হয়েছে অবসরপ্রাপ্ত আইএএস অলোক সিনহাকে। এবং বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসাবে নিয়োগ পেয়েছেন আইপিএস অনিল কুমার শর্মা। পশ্চিমবঙ্গ ছাড়াও যে পাঁচটি রাজ্যে বিশেষ পর্যবেক্ষক এবং পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে, সেগুলি হল, বিহার, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশা। ২০২১ সালে বিধানসভা নির্বাচনের সময়ে বাংলায় বিশেষ পুলিশ পর্যবেক্ষক ছিলেন অনিল কুমার শর্মা। বিশেষজ্ঞদের মত, সেই অভিজ্ঞতাই যাতে তিনি কাজ লাগতে পারেন এই ভোটে, তাই এই সিদ্ধান্ত নিয়েছে কমিশন। ১৯ এপ্রিল থেকে শুরু হচ্ছে এবারের লোকসভা নির্বাচন। তার আগে ইতিমধ্যে রাজ্যের একাধিক জায়গা থেকে মাদক থেকে শুরু করে নগদ টাকা উদ্ধারের ঘটনা ঘটেছে। পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলার পরিস্থিতির দিকেই সব সময় নজর রাখছে নির্বাচন কমিশন। ভোটের সময়ও যাতে পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকে তার ব্যবস্থা করার চেষ্টা এখন শেখি করা হচ্ছে। অন্ধ্র ও বঙ্গমতী অঞ্চলিকের পরিস্থিতি তৈরি হলে তা বিশ্লেষণ করে প্রয়োজনীয় পদক্ষেপের সুপারিশ করাই বিশেষ পর্যবেক্ষকদের মূল কাজ হবে। জাতীয় নির্বাচন কমিশন বিহারে বিশেষ পর্যবেক্ষক হিসাবে নিয়োগ করেছে অবসরপ্রাপ্ত আইএএস মনজিৎ সিংকে, আর সে রাজ্যে পুলিশ পর্যবেক্ষক হয়েছেন বিবের দুদে। মহারাষ্ট্রে বিশেষ পর্যবেক্ষক ধর্মেজ এস গান্ধোয়াড়, পুলিশ পর্যবেক্ষক এন কে মিশ্র। ওড়িশায় বিশেষ পর্যবেক্ষক যোগেন্দ্র ত্রিপাঠী এবং পুলিশ পর্যবেক্ষক রজনীকান্ত মিশ্র। পাশাপাশি উত্তরপ্রদেশে বিশেষ পর্যবেক্ষক অজয় ভি নায়ক এবং পুলিশ পর্যবেক্ষক মনোজেন সিংহ। অন্ধ্রপ্রদেশে বিশেষ পর্যবেক্ষক মোহন মিশ্র এবং পুলিশ পর্যবেক্ষক দীপক মিশ্র।

‘তৃণমূল সন্ত্রাস চালালে মজা দেখিয়ে দেবো’, বললেন অভিজিৎ

দুরন্ত বার্তা, তমলুক, ২ এপ্রিলঃ ‘তমলুকে মজা দেখিয়ে দেবো’, প্রচারে বেরিয়ে বললেন তমলুকের বিজেপি প্রার্থী প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। মঙ্গলবার পূর্ব মেদিনীপুরের তারাগেড়িয়াতে ভিন মন্দিরে পূজো দিতে যান তমলুক লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়। পূজো শেষে তিনি বলেন, “আপনারা জেনে রাখুন দিলীপ ঘোষ অত্যন্ত ভালো মানুষ।” নিশীথ প্রামাণিক



বলেছিলেন, বামপন্থীদের পাঁচি অফিস যেখানে যেখানে তৃণমূল দখল করে রেখেছে সেসব অফিস নির্বাচনের পর বিজেপি খুলে দেবে আর সেসব বামপন্থীদের ফিরিয়ে দেবে। এই প্রসঙ্গে কথা বলতে গিয়েই তিনি বলেন, “গণতন্ত্রে এটাই হওয়া উচিত। কেন বামদের দলীয় কার্যালয় তৃণমূল দখল করবে? এটা হওয়ার কথা না!” তৃণমূল সরকারের আমলে ভোট পরবর্তী হিংসার কথা উল্লেখ করেন

অভিযোগ ওঠে। ভোট পরবর্তী হিংসা সংক্রান্ত মামলাতেও হাইকোর্টের কড়া তদন্তের মুখে পড়তে হয়েছিল রাজ্য সরকারকে। সে সময় অবশ্য বিচারপতি ছিলেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এদিনও প্রচারে সেই বিষয়টি উল্লেখ করেই অভিজিৎ বলেন, যদি একুশের পুনরাবৃত্তি হয়, তাহলে তিনি মজা দেখিয়ে দেন। এখনও পর্যন্ত এই ঘটনায় তৃণমূল প্রার্থী দেবাংশু ভট্টাচার্যের তরফে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

প্রথমেই সেঞ্চুরি হাঁকালেন শেখ শাহজাহান ১৩৭ কোটি টাকার হদিশ পেল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ২ এপ্রিলঃ প্রথম দিনেই হু হু করে বেড়ে চলেছে তাপমাত্রা। বোলা বাড়লেই বাড়ি থেকে বেরে হওয়াই যেন রীতিমতো চাপে হয়ে দাঁড়াচ্ছে। চড়া রোদের দাপটে শরীরে জ্বালা। এরইমধ্যে আরও দুঃ সংবাদ দিচ্ছে হাওয়া অফিস। দক্ষিণবঙ্গে আরও বাড়বে তাপমাত্রা। সঙ্গে অস্বস্তি। আগামী ৫ এপ্রিল পর্যন্ত গোটা দক্ষিণবঙ্গেই এই অস্বস্তিকর পরিবেশ বজায় থাকবে বলে মনে করছেন আবহাওয়া দফতরের কর্মীরা। বেশ কয়েকটি জেলার জন্য রয়েছে তাপপ্রবাহের সতর্কতা। আগামী কয়েকদিন পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম,

বট্টাই, মাছের ব্যবসার আড়ালে কীভাবে কালো টাকা সাদা হত, তারও বিস্ফোরক তথ্য উঠে আসে। তদন্তকারী জননে পেরেছেন, শাহজাহান পাইকারি ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। তদন্তকারীরা জানতে পেরেছেন, আর তার নিয়ন্ত্রিত এসকে সার্বিনা ফিশারি সংস্থায় ম্যাগনাম এক্সপোর্ট মাধ্যমে টুকেছিল ১০৪ কোটি টাকা। ২০১২ থেকে ২০২২ এবং ২০২২-২৩ অর্থবর্ষে ওই টাকা টুকেছিল। আবার অনুপ কুমার সোম নামে এক ব্যবসায়ীর থেকে ২০২৩-২৪ অর্থবর্ষে টুকেছিল ৩৬ কোটি টাকা। চিফ ডি মাহ কেনোচার

ভূয়ো বিল বানিয়ে এই ১৩৭ কোটি কালো টাকা সাদা করার অভিযোগ। তদন্ত এগোলে এই সংখ্যা আরও অনেক লাফিয়ে বাড়বে, মনে করছেন তদন্তকারীরা। প্রসঙ্গত মার্চ মাসের মাঝামাঝি সময়েই শাহজাহানের বিরুদ্ধে আমদানি-রফতানি মামলার তদন্তের সূত্রে সন্দেহাধারি একাধিক জায়গায় হানা দিয়েছিলেন ইডি আধিকারিকরা। ধামাধারি কাছে একটি মাছের পাইকারি বাজারে তল্লাশি চলে। এই বাজারের অন্যতম অংশীদার নজরুল মোল্লার বাড়িতেও চলে তল্লাশি। গত ২৩ ফেব্রুয়ারি এই মামলার তদন্তে হাওড়া, কলকাতা, উত্তর ২৪ পরগনা-সহ মোট ছ’জায়গায় হানা দেন ইডি আধিকারিকরা। তল্লাশি চলাছিল শাহজাহান ঘনিষ্ঠ কয়েকটি ব্যবসায়ীর বিরুদ্ধেও। ইডি সূত্রে ধর, শাহজাহান ঘনিষ্ঠ এই ব্যবসায়ীদেরও অনেকে চিফ ডি মাহের ব্যবসায় যুক্ত ছিলেন। অভিযোগ, মাছের ব্যবসায় দুর্নীতির কালো টাকা সাদা করা হয়েছে।

মহুয়ার বিরুদ্ধে নতুন মামলা ইডির, আর্থিক তহরুপের অভিযোগ

নয়াদিল্লি, ২ এপ্রিলঃ ভোটের আগে আরও চাপ বাড়ল কৃষ্ণাগরের তৃণমূল প্রার্থী মহুয়া মৈত্রা। তাঁর বিরুদ্ধে নতুন মামলা করল ইডি। এবার আর্থিক তহরুপ প্রতিরোধ আইন (পিএমএএল)-এ মামলা দায়ের করা হয়েছে। অর্থ নয়ছয় ও হিসাব বিহীন খরচের অভিযোগে গত বৃহস্পতিবার মহুয়া মৈত্রাকে পদ থেকে বহিস্কার করে। এই অভিযোগের পরিপ্রেক্ষিতে সিবিআইও তাঁর বিরুদ্ধে তদন্ত চালাচ্ছে। গত সপ্তাহেই লোকপালের নির্দেশে সিবিআই মহুয়া মৈত্রার কলকাতার বাড়িতে তল্লাশি চলে। যার পরে মহুয়া নির্বাচন কমিশনের কাছে সিবিআইয়ের বিরুদ্ধে হেনস্তার অভিযোগ আনেন। ইচ্ছাকৃতভাবে ভোটের প্রচারে বাধা দানের চেষ্টা চলেছে বলেও তৃণমূল নেত্রীর অভিযোগ। এই পরিস্থিতির মধ্যেই আবার ইডির মামলা।

যান। এরপর ভোটের ঠিক মুখে ইডি বিদেশি মুদ্রা বিনিময় (ফেমা) আইন লঙ্ঘনে তাঁকে এবং দুবাইয়ের ব্যবসায়ী দর্শন হিরানন্দানিকে দিল্লিতে তলব করে। আদিনি নিয়ে সংসদে প্রশ্ন করার জন্য মহুয়া ঘৃষ এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিয়েছেন, এই অভিযোগে লোকসভার এমিল্ল কমিটি তাঁকে সংসদ পদ থেকে বহিস্কার করে। এই অভিযোগের পরিপ্রেক্ষিতে সিবিআইও তাঁর বিরুদ্ধে তদন্ত চালাচ্ছে। গত সপ্তাহেই লোকপালের নির্দেশে সিবিআই মহুয়া মৈত্রার কলকাতার বাড়িতে তল্লাশি চলে। যার পরে মহুয়া নির্বাচন কমিশনের কাছে সিবিআইয়ের বিরুদ্ধে হেনস্তার অভিযোগ আনেন। ইচ্ছাকৃতভাবে ভোটের প্রচারে বাধা দানের চেষ্টা চলেছে বলেও তৃণমূল নেত্রীর অভিযোগ। এই পরিস্থিতির মধ্যেই আবার ইডির মামলা।

যান। এরপর ভোটের ঠিক মুখে ইডি বিদেশি মুদ্রা বিনিময় (ফেমা) আইন লঙ্ঘনে তাঁকে এবং দুবাইয়ের ব্যবসায়ী দর্শন হিরানন্দানিকে দিল্লিতে তলব করে। আদিনি নিয়ে সংসদে প্রশ্ন করার জন্য মহুয়া ঘৃষ এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিয়েছেন, এই অভিযোগে লোকসভার এমিল্ল কমিটি তাঁকে সংসদ পদ থেকে বহিস্কার করে। এই অভিযোগের পরিপ্রেক্ষিতে সিবিআইও তাঁর বিরুদ্ধে তদন্ত চালাচ্ছে। গত সপ্তাহেই লোকপালের নির্দেশে সিবিআই মহুয়া মৈত্রার কলকাতার বাড়িতে তল্লাশি চলে। যার পরে মহুয়া নির্বাচন কমিশনের কাছে সিবিআইয়ের বিরুদ্ধে হেনস্তার অভিযোগ আনেন। ইচ্ছাকৃতভাবে ভোটের প্রচারে বাধা দানের চেষ্টা চলেছে বলেও তৃণমূল নেত্রীর অভিযোগ। এই পরিস্থিতির মধ্যেই আবার ইডির মামলা।

‘ঝড় হলেই টিএমসির পোয়াবারো, যা মাল আসবে ঝেড়ে ফাঁক করে দেবে’, বেলাগাম দিলীপ ঘোষ

দুরন্ত বার্তা, বর্ধমান, ২ এপ্রিলঃ লোকসভা নির্বাচন এখন দুর্যো। তার মধ্যেই নির্বাচন কমিশন তাঁকে সতর্ক করেছিল। বেলাগাম মন্তব্য এবং ব্যক্তি অক্রমের জেরে তাঁকে সেসব করেছে নির্বাচন কমিশন। কিন্তু তারপরও স্বমতাজেই রয়েছেন তিনি। এখন বর্ধমান-দুর্গাপুরের বিজেপি প্রার্থী তিনি হ্যাঁ, বিজেপি নেতা দিলীপ ঘোষ তিনি। উত্তরবঙ্গে দুর্গোণ নিয়ে আবার বিতর্কিত মন্তব্য করেছে তিনি। একবার বললেন, টাকা এলেও টাকা গেল তৃণমূলের পকেটে। যার বাড়ি ভেঙেছে সে কিছু পেল না। এবার যেন তা না হয়। নির্বাচনের মুখে উত্তরবঙ্গে বিজেপির ঝড়ে সব লণ্ডভণ্ড বলে মন্তব্য

করেছিলেন বর্ধমান-দুর্গাপুরের বিজেপি প্রার্থী। টেক্সের শেষে বিধবসী কালবৈশাখীতে ওলটপালট হয়ে জলপাইগুড়ি, কোচবিহার। জলপাইগুড়িতে এখনও পর্যন্ত প্রাণ

হারিয়েছেন পাঁচজন। পরিস্থিতি খতিয়ে দেখতে এখন উত্তরবঙ্গে রয়েছেন মুখ্যমন্ত্রী। এদিকে মুখ্যমন্ত্রীকে ফোন করে খবর নেন খোদ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আজ মঙ্গলবার বর্ধমানের টাউন স্কুল মাঠে

প্রাঃভ্রমণে যান বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ। এরপর বাদামতলার একটি চায়ের দোকানে চা-চক্রে মিলিত হন দলের কর্মীদের সঙ্গে। এখানেই সুচ চড়িয়ে দিলীপ ঘোষ বলেন, “ওরা চায় বন্যা হোক, ঝড় হোক তাহলেই কামাই হবে। সরকারের যারা আছে তাদের দায়িত্ব ওখানকার মানুষের পাশে দাঁড়িয়ে ক্ষতিগ্রস্ত দিয়ে জীবন ফিরিয়ে আনা। আমরা বিবেচী পাঁচি। আমরা লোকের সঙ্গে আছি। মমতা বন্দ্যোপাধ্যায় কথায় কথায় এত টাকার বিবিস্তি দেন। কিন্তু সে টাকা মানুষের কাছে পৌঁছয় না। আয়লা-অমফানে টাকা এল, অথচ গেল

আত্মীয়দের পকেটে। যার বাড়ি ভেঙেছে সে কিছু পেল না।” অন্যদিকে মুর্শিদাবাদে সিপিএম প্রার্থী করেছেন রাজ্য সম্পাদক মহম্মদ সৌলমাকে। তিনি সেখানে জিতবেন বলে ভবিষ্যদ্বাণী করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বহরমপুর লোকসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী অধীরবরেন চৌধুরী। এই নিয়ে অধীর চৌধুরীকে কটাক্ষ করেছেন দিলীপ ঘোষ। তার কথায়, “উনি জিতবেন? উনি তো মহম্মদ সৌলমের ওপারিগলেন টেক্স।” উনি জিতলে অনেক কিছু হবে। না হলে পশ্চিমবঙ্গ থেকে কংগ্রেস জিরো হয়ে যাবে।”

পূর্ব রেলের সুরক্ষা বাহিনীর সাফল্য

কলকাতা, ২ এপ্রিল : ২০২৩-২৪ আর্থিক বছর জুড়ে যাত্রীদের নিরাপত্তা এবং কল্যাণ নিশ্চিত করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান এবং প্রতিশ্রুতি প্রদর্শন করেছে। বিভিন্ন অপারেশন এবং মিশনের অধীনে, পূর্ব রেলের সুরক্ষা বাহিনীর কর্মীরা অটল সাহসিকতা এবং সহানুভূতি প্রদর্শন করেছে যা যাত্রীদের জীবনে উল্লেখযোগ্যভাবে প্রভাব ফেলছে। রেলওয়ে সুরক্ষা বাহিনী ইস্টার্ন রেলওয়ে, একটি শাসরুদ্ধকর দৃঢ় পদক্ষেপ ও উদ্যোগের মাধ্যমে জাল রেলওয়ে অ্যাপয়েস্ট মেন্টের সাথে জড়িত বিভিন্ন প্রভাৱানুূলক কার্যকলাপ বন্ধ করতে সফল হয়েছে, ৯টি মামলায় ২০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এই সময়ের মধ্যে, রেলওয়ে সুরক্ষা বাহিনী বিভিন্ন জাল রেলওয়ে নিয়োগ সংক্রান্ত জালিয়াতিমূলক কার্যকলাপের রিপোর্ট সক্রিয়ভাবে

দেওয়াল লিখনকে ঘিরে তৃণমূল ও বিজেপি সংঘর্ষ কুলতলিতে

দুরন্ত বার্তা, কুলতলি, ২ এপ্রিল : দেওয়াল লিখনকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি সংঘর্ষে উত্তেজনা ছাা। দক্ষিণ ২৪ পরগনার কুলতলিতে। কুলতলির গোপালগঞ্জ গ্রাম পঞ্চায়েতের শানকিজালা এলাকার ঘটনা। অভিযোগ, সোমবার রাতে বিজেপির দেওয়াল লেখার সময় তৃণমূল কর্মীরা তাদের ওপরে হামলা চালায়। বিজেপি কর্মী নিরঞ্জন দাসকে ধেখড়ক মারধর করা হয় বলে অভিযোগ। নিরঞ্জনের চিকারে আশোপাশের মানুষজন ছুটে এসে তাকে উদ্ধার করে। সেখান থেকে নিয়ে যাওয়া হয় জামতলা গ্রামীণ হাসপাতালে। সেখানে চিকিৎসানীন ওই বিজেপি কর্মী। এই ঘটনায় সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। পাল্টা তৃণমূল কর্মী নিত্য দাস অভিযোগ করেন, তাকে ধেখড়ক মারধর করে বিজেপি কর্মী- সমর্থকরা। অভিযোগ, তিনি দোকানে যাওয়ার পথে শোনেন মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে কুকথা বলছেন বিজেপি কর্মীরা। তিনি এ বিষয়ে প্রতিবাদ করেন, তখনই বিজেপি কর্মী সমর্থকরা তার ওপরে হামলা চালায়। ঘটনায় আহত তৃণমূল কর্মী নিত্য দাস জামতলা গ্রামীণ হাসপাতালে চিকিৎসান্বীন। দু’টি ঘটনায় মঙ্গলবার সকালে অভিযোগ দায়ের হয়েছে কুলতলি থানায়। তদন্ত শুরু করেছে পুলিশ।

অবশেষে ত্রিপাক্ষিক বৈঠকে ভদ্রেশ্বর শ্যামনুগর জুটমিল খুলে গেল

দুরন্ত বার্তা, ভদ্রেশ্বর, ২২ এপ্রিল : অবশেষে ত্রিপাক্ষিক বৈঠকে ভদ্রেশ্বর শ্যামনুগর জুটমিল খুলে গেল।১৭ ৩ ২০২৪ তারিখে সাসপেনশন অফ ওয়ার্ক এর নোটিশ ঝুলিয়ে দিয়েছিল মিল কর্তৃপক্ষ। বেশ কিছুদিন থেকে মানোজমেন্টের হুমকিতে শ্রমিকদের মধ্যে অসন্তোষ তৈরি হয়েছিল। এক ডিপার্টমেন্ট থেকে অন্য ডিপার্টমেন্টে বদলি করা,হাজের চাপ বাড়ানো এইসব মেনে নিতে পারেনি শ্রমিকরা। গেটের সামনে শ্রমিকরা বিক্ষোভ শুরু করেডেপুটি লেবার কমিশনারের ঘরে এর আগে আলোচনা হলেও কোনো সুরাহা হয়নি।সোমবার পৌরপ্রধান প্রণয় চক্রবর্তী ও সি আই সি প্রকশ গোস্বামী এবং শাসক দলের ইউনিয়ন এর হস্তক্ষেপে ডি এই সির সঙ্গে বৈঠকের ফলে মিল খোলার সিদ্ধান্ত হয়। মজুর ইউনিয়ন লিডার বশিষ্ট সিংহ জানিয়ে যে বিপার ট্রাফফার নতুন সমতি হয়ে গেছে যারা ৬০ জন গেট বাইনে ছিলেন তাদের মধ্যে ১৫ জনকে নিয়ে মিল খোলা হলো। সপ্তাহ খানিকের মধ্যে আরো ওই ১৫ জন শ্রমিকের গেট চালু হয়ে যাবে আগে ১৪ দিন মাথায় শিফট চেঞ্জ হতো এইবার মিটিংয়ে সে জানতে হয়েছে সাতদিন মাথায় শিফট চেঞ্জ হবে।মঙ্গলবার সকাল থেকেই মিলে আসতে শুরু করে শ্রমিকেরা। মালিকপক্ষ দাবি মেনে নেওয়াতে জুটমিলের দরজা খুলে গেল।

আর্কিমিডিস, গুণী মানুষটিকে একবার স্বচক্ষে দেখতে চেয়েছিলেন সশ্রাট

২ এপ্রিল : নিজের বাড়ির উঠানে গণিতের সূত্র আঁকিঝুকি করছেন প্রিক পন্ডিত আর্কিমিডিস। তিনি যখন গণিতে ডুবে থাকেন, চারপাশের জগতের কোনো খোঁজ রাখেন না। ঠিক সে সময় রোমানরা আক্রমণ করেছে তার দেশ। যুদ্ধে তার দেশের সশ্রাট হেরেও গেছেন। কিন্তু আর্কিমিডিসের সেদিকে খোয়াল নেই। তিনি তার কাজ নিয়েই ব্যস্ত।ঠিক তখনি একজন সৈন্য এসে আর্কিমিডিসকে আত্মসমর্পণ করতে বলে। হাতে তার ধারালো খোলা তরবারি। তবে আর্কিমিডিস তাকে কোনো পাতাই দিলেন না। বরং তিনি বিরক্ত হয়ে বললেন,‘আই, বিরক্ত করা না, দেখছ না ব্যস্ত আছি।’ সৈনিক জ্যাতিতি বা গণিতের কি বোঝে। আর্কিমিডিসকেও সে চেনে না, জানে শুধু যুদ্ধ করতে। আর্কিমিডিসের কথায় তার অভিযে আসে তা যা লাগল।তিনি বললেন, ‘কী! পরাজিত দেশের নাগরিকের এত বড় স্পর্ধা! তলোয়ারের এক কোণ বসিয়ে দিল আর্কিমিডিসের ঘাড়ে। সঙ্গে সঙ্গে ধলোয় লুটিয়ে পড়ল আর্কিমিডিস।পরে আর্কিমিডিসের কাটা মুণ্ডু দেখে বিজয়ী রোমান সশ্রাট দুঃখ পেয়েছিলেন। যুদ্ধের আগে সশ্রাট বলে দিয়েছিলেন যেন আর্কিমিডিসকে হত্যা করা না হয়। তিনি গুণের কন্দর করতেন। যদিও আর্কিমিডিসের কারণে নাবারার হেরেছিলেন তিনি। তার তৈরি আয়না পুড়িয়ে মেরেছে রোমান সৈন্যদের, তার অঙ্কৃত যন্ত্র ডুবিয়ে দিয়েছে বহু জাহাজ। শুড় আর্কিমিডিসের প্রতি ক্ষিপ্ত হননি সশ্রাট। বরং এই গুণী মানুষটিকে একবার স্বচক্ষে দেখতে চেয়েছিলেন তিনি।

পুলিশের বিরুদ্ধে অভিযোগ তুলেই হাইকোর্টে আরাবুল



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক : এবার কলকাতা পুলিশের বিরুদ্ধেই অভি সক্রিয়তার অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ আরাবুল ইসলাম। আরাবুলের দাবি, নির্বাচনের আগে পুলিশে অভি সক্রিয়। কারণ হিসাবে তাঁর আইনজীবী আদালতে উল্লেখ করেছেন, প্রেফতার করার পর আরও দুটো মামলায় যুক্ত করা হয় আরাবুলকে। বিচারপতি জয় সেনগুপ্তর একক বেসেধ আগামী বৃহস্পতিবার এই মামলার শুনানি হওয়ার কথা। গত ৮ ফেব্রুয়ারি

তোলাবাড়ি এবং খুনের অভিযোগে প্রেফতার হন ভাঙড়ের দাপুটে তৃণমূল নেতা আরাবুল ইসলাম। এমন তিনি জেলবধি। গত বছর ১৫ জুন, পঞ্চায়েতের মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন খুন হন মইনুদ্দিন মোল্লা নামে এক আইএসএফ কর্মী। খুনের অভিযোগ ছিল তৃণমূলের এই দোর্দণ্ডপ্রতাপ নেতা সহ আরও কয়েক জনের বিরুদ্ধে। সেই ঘটনার ৮ মাস পর প্রেফতার হন আরাবুল। প্রেফতার হওয়ার আগে খুন-সহ আরাবুলের বিরুদ্ধে ভাঙুড়ে লক্ষ লক্ষ টাকা তোলাবাজির অভিযোগও রয়েছে। সূত্রের খবর, ভাঙুড়ের আশঙ্কির পরিবেশের জন্য দলের একটা বড় অংশ আরাবুলকেই দায়ী করেন। এমনকী আশাভ ভাঙুড়ে শান্তি ফিরিয়ে আনার চেষ্টায় খোদা মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভাঙুড়কে কলকাতা পুলিশের অধীনে নিয়ে আসার নির্দেশ দেন। আগে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর পুলিশ জেলার অধীনে ছিল ভাঙুড় ও কাশীপুর থানা।সম্প্রতি তারার আরাবুল ইসলামের মেয়ের বাড়িতে চুরির ঘটনা ঘটে। পাঁচটি ঘরের সমস্ত দরজা খুলে আলমারি থেকে সোনার গয়না এবং নগদ টাকাসহ সমস্ত সামগ্রী চুরি হয়েছে। যদিও নেবার পরিবারের দাবি, এটি শুধুমাত্র চুরির ঘটনা নয়, এর পিছনে রাজনৈতিক কোনও যড়যন্ত্র রয়েছে। তারা এই ঘটনাকে চুরি বলতে নারাজ। পরিবারের দাবি, এটা বড় ডাকাতির ঘটনা।

শিকার হয়েছিলেন। ক্রত পদক্ষেপ এবং দক্ষতার সাথে, আরপিএফ কর্মীদের সদস্যরা নিরাপদ প্রসবের সুবিধা দিয়েছে এবং মা ও শিশু উভয়ের স্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করতে প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা প্রদান করেছে। মিশন জীবন রক্ষা রেলওয়ে সুরক্ষা বাহিনী পূর্ব রেলওয়ের কর্মীরা ৫৫ জন যাত্রীকে উদ্ধার করতে তাদের নিজের জীবনের ঝুঁকি নিয়ে অসাধারণ সাহসিকতা এবং নিঃস্বার্থতা প্রদর্শন করেছে যারা চলন্ত ট্রেনে চড়ার সময় কিংবা ট্রেন থেকে নামার সময় ট্রেন এবং স্টেশনের মাঝখানে ফাঁকে পড়ে গিয়েছিলেন। প্রাপ্তনে তাদের বীরত্বপূর্ণ কর্ম রেল যাত্রীদের নিরাপত্তা ও মঙ্গল নিশ্চিত করার জন্য রেলওয়ে সুরক্ষা বাহিনী পূর্ব রেলওয়ে দ্বারা অপারেশন WILEP স্তর হয়েছিল। পরিশ্রমী নজরদারি এবং সক্রিয়. প্রয়োগকারী পদক্ষেপের মাধ্যমে, রেলওয়ে সুরক্ষা বাহিনীরা এই

বসিরহাটে প্রচারে খামতি রাখছে না তৃণমূল, ময়দানে নেমে পড়লেন হাজি নুরুল ইসলাম

দুরন্ত বার্তা,বসিরহাট,২২ এপ্রিল : ২৪ এর লোকসভা নির্বাচনে



বসিরহাট লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী, বসিরহাটেরই প্রাক্তন সাংসদ, হাড়ায়া বিধানসভার বিধায়ক হাজী নুরুল ইসলাম। গত কয়েকবছর ধরে তৃণমূলের বসিরহাট সাংগাঠনিক জেলার সভাপতি ও বর্তমানে চেয়ারম্যানের পদ সমালোছেন হাজী নুরুল ইসলাম। কাজেই বসিরহাটে তৃণমূলের সাংগাঠনিক শক্তি সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল এই প্রবীণ তৃণমূল

জয় ছিনিয়ে আনতে চাইছে তৃণমূল,এমনটাই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষক রা। প্রার্থী তালিকা প্রকাশিত হওয়ার পর বসিরহাট জেলা জুড়ে কোথাও কোনো বিক্ষোভের আঁচ পোহাতে হয়নি তৃণমূল কে। ইতিমধ্যে বিভিন্ন এলাকায় লোকসভা ভোটের প্রচার শুরু করেছেন তৃণমূল প্রার্থী। যে সন্দেশখালির ঘটনা পরম্পরা নিয়ে গত কয়েকমাসে উত্তাল হয়েছ

বিজেপি প্রার্থী লকেটের বিরুদ্ধে এবার নির্বাচন কমিশনে জমা পড়ল অভিযোগ

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক : দৃষ্কৃতীদের তোলাই দিচ্ছেন হুগলি লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায়! নির্বাচন কমিশনে ঠিক এই অভিযোগই দায়ের করল তৃণমূল। শাসকদলের অভিযোগ, ‘দৃষ্কৃতিদের তোলাই দিচ্ছেন উনি।’ যা নিয়ে পাল্টা কটাক্ষ করেছেন হুগলির বিদায়ী সাংসদ। তিনি বলেন, ‘দৃষ্কৃতিদের লালন-পালন তো তৃণমূলেরই ঘরে।’ গত ২৯ মার্চ বিজেপি কর্মীদের উপর মারধর এবং অত্যাচারের প্রতিবাদে এবং পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগে ব্যাভেল পুলিশ ফাঁটিতে বিক্ষোভ দেখায় বিজেপি। সেখানে নেতৃত্বে ছিলেন হুগলির বিজেপি প্রার্থী লকেট। চুঁচুড়ার তৃণমূল বিধায়ক অসিত মজুমদারের অভিযোগ, ‘ওই বিক্ষোভে ব্যাভেলের দৃষ্কৃতী সঙ্ঘর পাশোয়ান গরবে লালির মা যশোয়া দেবী ছিলেন।’ আসিৎ এই মর্মে মুখা নির্বাচনী আধিকারিক রাজীব কুমারকে ইমেল মারফত অভিযোগ করছেন বলে জানান। ওই তৃণমূল বিধায়ক বলেন, ‘দীর্ঘ দিন ধরে যে দৃষ্কৃতীরা ব্যাভেল শানন করেছিল, আমি বিধায়ক হওয়ার পর তাদের

জয় বিচ্ছিন্ন করি। ব্যবসায়ীরা এখন শান্তিপূর্ণ ভাবে ব্যবসা করছেন এলাকার। একটা সময় ওই দৃষ্কৃতীদের অত্যাচারে ব্যবসা বন্ধ



হয়ে গিয়েছিল। এখন ওই দৃষ্কৃতীদের প্রশ্নয় দেওয়ার জন্য লকেট চট্টোপাধ্যায় ব্যাভেল ফাঁটিতে ডেপুটেশন দিচ্ছেন।’ ব্যাভেলের সব থেকে বড় দৃষ্কৃতী লাল। বিজেপি এলাকায় সন্ত্রাস সৃষ্টির জন্য ওই রকম গুস্তা-মস্তানদের নিয়ে কাজ করেন। অসিতের অভিযোগ, যে দিন ফাঁটিতে বিক্ষোভ হয়েছে, তার দু’দিনের মধ্যেই এক জন ব্যবসায়ী আক্রান্ত

অবৈধ কার্যকলাপে জড়িত অপরাধীদের সনাক্ত করতে এবং আটকাতে সক্ষম হয়েছিল। অপারেশন 'WILEP'-এর ফলস্বরূপ, রেলওয়ে সুরক্ষা বাহিনী সফলভাবে বন্যপ্রাণী পাচারের ১৬টি কেস সনাক্ত করেছে, যার ফলে অবৈধ বাণিজ্যের সাথে জড়িত ৬ জনকে প্রেফতার করা হয়েছে। এছাড়া অভিযানে ২৩৬টি তোতাপাখি, ৩৯১টি কচ্ছপ, ২০ কেজি কচ্ছপের দেহের অংশ, ১৪টি মনিটর টিকিটসি, ৮টি সাপ, ৪টি ময়না পাখি এবং ২টি বিদেশী পাখিসহ প্রচুর পরিমাণে পাচারকৃত বন্যপ্রাণী ও প্রাণীর অংশ উদ্ধার করা হয়েছে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শ্রী কৌসিক মিত্র বলেছেন, রেলওয়ে সুরক্ষা বাহিনী, পূর্ব রেলওয়ের কর্মীরা,কটোর পরিশ্রমে মাধ্যমে রেলওয়ে যাত্রীর নিরাপত্তা রক্ষা এবং মঙ্গল নিশ্চিত করতে আত্মবিশ্বাসী।

নিউবারাকপুরে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ

দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ২ এপ্রিল : সোমবার সন্ধ্যা ৭-৮ পর্যন্ত বার্তিত অতিরিক্ত এক ঘণ্টা বিশুদ্ধ পানীয় জল সরবরাহ চলু করল নব বারাকপুর পুরসভা। প্রতি বছরের মতো এবছর ও গ্রীষ্মকালীন সাধারণ মানুষের তৃষ্ণা নিবারণে এই পরিষেবা চলু বলে জানান পুরসভার স্যোরম্যান প্রবীর সাহা। হমনিতে সারাদিনে তিন বার জল সরবরাহ করা হ্য়া।সকল ৬-৯, ১১,৩০ থেকে দুপুর ১-৩০ মিনিট এবং বিকলে ৪-৫ ট পর্যন্ত রয়েছে।বার্তিত সম্মায় ৭-৮ ট পর্যন্ত চরবার জল সরবরাহ চলু থাকল গ্রীষ্মকালীনা।

জালিয়াতির টাকা উদ্ধার করল হাওড়া পুলিশ

দুরন্ত বার্তা, হাওড়া, ২ এপ্রিল : জালিয়াতির টাকা উদ্ধার করে প্রতারিত ব্যক্তিকে ফেরালো হাওড়ার সাইবার থানার পুলিশ। হাওড়া সিটি পুলিশের সাইবার থানা ক্রত তপরতার সাথে এই কাজ করেছে। গত ১০ ফেব্রুয়ারী হাওড়া নিবাসী রাজেশ শর্মা ফোন মারফত মিথ্যা প্রতিশ্রুতি পেয়ে আর্থিক জালিয়াতির শিকার হন। তিনি বিষয়টি হাওড়ার সাইবার থানায় জানান। হাওড়া সিটি পুলিশ জানিয়েছে, ওই জালিয়াতির অর্থের পরিমাণ ছিল ৭১,১০০ টাকা। এই অভিযোগের ভিত্তিতে হাওড়া সাইবার ক্রাইম থানার পুলিশ তদন্ত শুরু করে। সাইবার ক্রাইম থানার এসএসআই কৌশিক কর্মকার অত্যন্ত তৎপরতার সাথে এই সমস্যার সমাধান করেন এবং জালিয়াতির পুরো টাকাই উদ্ধার করা সম্ভব হয়। এবার উদ্ধার হওয়া টাকা সোমবার থানার হাতে তুলে দেওয়া হয়। জালিয়াতির টাকা উদ্ধার করে প্রতারিত ব্যক্তিকে ফেরালো হাওড়ার সাইবার থানার পুলিশ।

জলের হাফকার হাওড়া পুর এলাকায়

দুরন্ত বার্তা, হাওড়া, ২ এপ্রিল : গরম পড়তেই জলের হাফকার হাওড়া পুর এলাকায়। এর জেরে মঙ্গলবার সকালে মধ্য হাওড়ার নেতাজি সুভাষ রোডে কালী কুন্তু নেন পেট্রোল পাম্প চললু এলাকায় পথ অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। বিশেষত মহিলারা এদিন পথে নানো। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, গরম পড়তেই জল সঙ্কট দেখা দিয়েছে বিস্ত্রি এলাকায়। সামান্য জল যেটুকু সময়ে আসে তাতেও জলে পোকামাক। মেলে। তা পান করার অযোগ্য। খোদ মন্ত্রীর ওয়ার্ডেই এই জল সঙ্কটের জেরে অবরোধের খবর পেয়ে এদিন ঘটনাস্থলে ছুটে আসেন এলাকার প্রাক্তন কাউন্সিলর এবং মেয়র পারিষদ সদস্য শ্যামল মিত্র। তিনিও স্বীকার করে নেন স্থানীয়দের অভিযোগ যথাযথ। তবে, পুরসভা আজই এ বিষয়ে সমস্যা মেটানোর জন্য কাজ শুরু করেছে। এদিন খবর পেয়ে পুর প্রযুক্তিবিদরাও ঘটনাস্থলে ছুটে আসেন। দীর্ঘক্ষণ অবরোধের পর পুর কর্তৃপক্ষের আশ্বাসে অবরোধ ওঠে। তবে অবরোধের জেরে সঙ্কটে অকিস টাইমের তীর যাবতী ছড়িয়ে পড়ে। সমস্যায় পড়েন সাধারণ মানুষ। এলাকার বাসিন্দা জ্ঞানা গাড়া বলেন, দীর্ঘদিন ধরে জল আসছে না। যা জল আসছে তা অত্যন্ত নোংরা। এখানে অনেক সমস্যা আছে। এই সমস্যার সমাধানের জন্য বলা হয়েছে। কিন্তু ব্যস্তবে কিছুই হয়নি। আরকে বাসিন্দা লক্ষ্মী মারা বলেন, জল নেই। এই গরমে জলের প্রয়োজন। জল না থাকায় রাস্তা থেকে জল তুলতে হচ্ছে। যেটুকু জল পাওয়া যাচ্ছে তাও অত্যন্ত যোলা। আমরা বাধ্য হয়েই আজকে পথে নেমেছি। এলাকার প্রাক্তন কাউন্সিলর এবং প্রাক্তন মেয়র পারিষদ সদস্য শ্যামল মিত্র বলেন, এখানে আগে জল ভাল আসত। শেষ ৬ মাসে এই সমস্যা হয়েছে। সুবকিলের কাছে কোনও বিপর্যয় হয়েছিল। সুরকিলের কাছে সেই কাজ করার পর থেকে এখানে জলসঙ্কট শুরু হল। বহুদিন ধরে মানুষ বলছে। আমিও পুরসভাকে জানাব। পুরসভায় জলের দফতরের কর্মী সংখ্যা কম। সেই কারণে এই জল সমস্যা মেটানো সম্ভব হচ্ছিল না। এদিন এলাকার বাসিন্দারা তাদের ন্যায্য দাবি নিয়ে অবরোধ করেছিলেন। এর অবরোধ তুলে নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। ঘটনাস্থলে এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার এসেছিলেন। আজ থেকেই কাজ শুরু হচ্ছে। জলটা এখন দেওয়াই এখন প্রাধান্য কা। এখন পুরবার্ডে না থাকলেও এখানে পুরসভা কাজ করছে। জলের সব সময় বিশেষ করে গরমকালো চাখিনা বেশি। এখন যে খামতি আছে তা পূরণ করার চেষ্টা করা হচ্ছে। গরম পড়তেই জলের হাফকার হাওড়া পুর এলাকায়। জলের দাবিতে অবরোধ নেতাজি সুভাষ রোডে।

বৌবাজারেও ভেঙে পড়ল পুরনো বাড়ি কেউ আহত হননি, হয়েছে ক্ষয়ক্ষতি



দুরন্ত বার্তা, কলকাতা, ২ এপ্রিল : কলকাতায় আবার বাড়ি ভেঙে পড়ল। এবার ঘটনাস্থল উত্তর কলকাতার বৌবাজার। মঙ্গলবার সকালে বৌবাজারের রামকানাই অধিকারী লেনের একটি পুরনো বাড়ির দেওয়াল সমেত ঘরের একাংশ আচমকা ছড়মড়িয়ে ভেঙে পড়ে। এলাকাসীির অভিযোগ, পুরনো ওই বাড়ির লাগোয়া বাড়িতে প্রোমেটরির কাজ চলছিল। ভাঙা হচ্ছিল সেই বাড়িটা। কাজ চলাকালীনই মিস্ত্রিরা তাদের বাড়ির দেওয়ালেও আঘাত করেন। অভিযোগ, তাতেই দেওয়াল সমেত ঘর ছড়মড়িয়ে ভেঙে পড়ে। উল্লেখ্য, গত ১৭ মার্চ রাতে দক্ষিণ কলকাতার গর্ডেনেরিচ এলাকায় ভেঙে পড়েছিল একটি নিম্নীয়মাণ বহুতল। সেই ঘটনায় ১২ জনের মৃত্যু হয়। দিন কয়েক আগে দমদমের কাছে বিরাটিরও একটি বাড়ির কার্নিস ভেঙে মারা যান এক জন মহিলা। আর এ বার উত্তর কলকাতার বৌবাজারেও ভেঙে পড়ল বাড়ি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বাড়িটি ভেঙে পড়লেও কেউ আহত হননি। তবে কিছু ক্ষয়ক্ষতি হয়েছে।

হাওড়ার তৃণমূল প্রার্থীকে ‘কুস্কর্কণ’ কটাক্ষ বিজেপি প্রার্থীর

হাওড়া, ২ এপ্রিল : লোকসভা ভোট যত এগিয়ে আসছে ততই প্রার্থীদের একে অপরের ব্যক্তিগত আক্রমণ করা শুরু হয়েছে। মঙ্গলবার হাওড়া সদর লোকসভা কেন্দ্রে ভোট প্রচারে নেমে বিদায়ী সাংসদ ও তৃণমূল কংগ্রেস প্রার্থী প্রসুন বন্দ্যোপাধ্যায়কে ‘কুস্কর্কণ’ বলে কটাক্ষ করলেন হাওড়ার বিজেপি প্রার্থী তথা হাওড়া পুরসভার প্রাক্তন মেয়র রথীন চক্রবর্তী। মঙ্গলবার সকালে তিনি অভিযোগ করেন, বিদায়ী সাংসদ পাঁচ বছরের মধ্যে সোনে পাঁচ বছর ঘুমিয়ে কাটান। আর বাকি তিন মাস জেগে উঠে বলেন, আমাকে ভোট দিন। তিনবার সাংসদ থাকাকালীন তিনি যতটা সময় ঘুমিয়েছেন তা কুস্কর্কণেও ছাপিয়ে যায়। তাঁর আরও অভিযোগ প্রসুনবাবু গত ৫ বছরে একবারও সংসদে হাওড়ার নাম করেননি। এমনকী তাঁকে শহরেও দেখা যায় না। হাওড়ার রাস্তাঘাট থেকে পুর পরিষেবা সবকিছুই মুখ থুবড়ে পড়েছে। শহর জঙ্গল নগরীতে পরিণত হয়েছে। এবার এই লোকসভা কেন্দ্রের মানুষ যদি তাঁকে সাংসদ হিসেবে নির্বাচিত করেন তাহলে প্রধানমন্ত্রীর নেতৃত্বে হাওড়া শহরে পরিবর্তন আনবেন। রথীন চক্রবর্তীর এই মন্তব্যের পাল্টা জবাব দিয়েছেন তৃণমূল প্রার্থী ও বিদায়ী সাংসদ প্রসুন বন্দ্যোপাধ্যায়ও। বিজেপি প্রার্থীকে তাঁর আক্রমণ করে তিনি বলেন, আমি কী কাজ করেছি তা পার্লামেন্টের ওয়ের পোটালে পাওয়া যাবে। প্রসুনের পাল্টা অভিযোগ, মেয়র থাকাকালীন রথীনবাবু হাওড়া পুরসভার সর্বশাল্য করে গেছেন।

রেকর্ড সংখ্যায় জমি-বাড়ি রেজিস্ট্রেশনের হ্যাটট্রিক করল রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২ এপ্রিল : রেকর্ড সংখ্যায় জমি-বাড়ি রেজিস্ট্রেশনের হ্যাটট্রিক করল রাজ্য। লাগাতার তিনবার ২০ লক্ষের বেশি সম্পত্তি নথিভুক্ত হল এরাঙ্গে। রাজ্য সরকারের তরফে স্ট্যাম্প ডিউটিতে ২ শতাংশ ছাড় দেওয়ার পর থেকেই জমি বাড়ির রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নতুন জোয়ার এসেছে। রাজ্য সরকারের পরিসংখ্যান অনুযায়ী ২০১৯-২০ অর্থবর্ষ পর্যন্ত রেজিস্ট্রেশনের পরিমাণ ছিল গত ৫ লক্ষ থেকে ১৬ লক্ষ। কোভিড পরিস্থিতিতে অন্যান্য জায়গার পাশাপাশি রাজ্যেও জোর ধাক্কা খেয়েছিল আবাসন শিল্প। পরিস্থিতির উন্নতির লক্ষ্যে জমি-বাড়ির রেজিস্ট্রেশন স্ট্যাম্প ডিউটিতে ছাড় দেওয়ার সিদ্ধান্ত নেয় রাজ্য সরকার। কোভিডের সময় ২০২০-২১ সালে ১৩ লক্ষ ৯০ হাজার রেজিস্ট্রেশন হয়েছে।পর্যায়ক্রমে এই ছাড়ের মেয়াদ আগামী ৩০ জুন পর্যন্ত বাড়িয়েছে রাজ্য। এই সিদ্ধান্তের কারণেই ২০২১-২২ অর্থবর্ষে ২০ লক্ষ ৮৬ হাজার ৮১৪টি রেজিস্ট্রেশন হয়। ২০২২-২৩ সালে ২২ লক্ষ ১৩ হাজার ৫৭৫ এবং সদ্য সমাপ্ত ২০২৩-২৪ অর্থবর্ষে মোট ২০ লক্ষ ২৩ হাজার ৯৪০টি রেজিস্ট্রেশন হয়। প্রশাসনের দাবি, এর আগে কখনও টানা তিনবছর ২০ লক্ষের বেশি রেজিস্ট্রেশনের রেকর্ড নেই। রেজিস্ট্রেশনের সংখ্যা বাড়ার সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে স্ট্যাম্প ডিউটি বাবদ রাজ্যের রাজস্বও। সদ্য সমাপ্ত অর্থবর্ষে এই খাতে রাজ্যের কোষাগারে এসেছে ৬,১৮৫ কোটি টাকা। সবচেয়ে বেশি রাজস্ব আদায় হয়েছে দুর্গাপুজোর আগে, সেপ্টেম্বরে-৬৯২ কোটি ৯৩ লক্ষ টাকা। কোভিডের আগের তুলনায় বছরে অন্তত পাঁচ লক্ষ রেজিস্ট্রেশন বেড়েছে।

দক্ষিণবঙ্গে তাপপ্রবাহের মতো পরিস্থিতির শঙ্কা! পারদ ক্রমেই উর্ধ্বমুখী

দুরন্ত বার্তা, কলকাতা, ২ এপ্রিল : দক্ষিণবঙ্গের জন্য অতি খারাপ খবর! আগামী শুক্রবার পর্যন্ত গরমের দহনঝালায় জলতে হবে দক্ষিণবঙ্গকে, তাপপ্রবাহের মতো পরিস্থিতিও হতে পারে। আগামী কয়েকদিন ক্রমেই উর্ধ্বমুখী থাকবে তাপমাত্রার পারদ। মঙ্গলবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৬ ডিগ্রি বেশি। চলতি সপ্তাহে শুক্রবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি তৈরি হতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। মাত্রাতিরিক্ত গরমে জলবে তিলোত্তমা কলকাতাও। আবহবিদরা জানিয়েছেন, আগামী কয়েক দিনে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপমাত্রা বেশ কিছুটা বৃদ্ধি পেতে পারে। ৩ এপ্রিল থেকে ৫ এপ্রিল পর্যন্ত সময় পূর্বকালী, হাওড়াম, বার্কুড়া, পশ্চিম বর্ধমান, পূর্ব বর্ধমানে তাপপ্রবাহের পরিস্থিতি তৈরি হবে। ওই জেলাগুলিতে তাপমাত্রা ছাড়িয়ে যাবে ৪০ ডিগ্রি সেলসিয়াসের গণ্ডি। দক্ষিণবঙ্গের কোথাও আপাতত বৃষ্টির সম্ভাবনা নেই।

২০২৩-২৪ সালে মেট্রো ১৯.২৫ কোটি যাত্রী বহন করেছে

কলকাতা, ২ এপ্রিল : মেট্রো রেল ২০২৩-২৪ সালে ১৯.২৫ কোটি যাত্রী বহন করেছে। ২০২২-২৩ যাত্রী সংখ্যা (১৭.৬৯ কোটি) এর তুলনায় এটি ৮.৮২ বেশি। বর্তমানে রু লাইন, গ্রীন লাইন, পার্পল লাইন এবং অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা পাওয়া যায়। এর মধ্যে, কলকাতা মেট্রোর রু লাইন সম্প্রতি সমাপ্ত অর্থবছরে অর্থাৎ ২০২৩-২৪-এ ১৭.৯৪ কোটি যাত্রী বহন করেছে। সর্বাধিক যাত্রী সংখ্যা, দম দম স্টেশনে ১.৯৬ কোটি নথিভুক্ত করা হয়েছে তারপরে এসপ্লানেড স্টেশন (১.৩২ কোটি) এবং রবীন্দ্র সদন স্টেশন (১.২৪ কোটি)। অন্যদিকে, গ্রীন লাইন ২০২৩-২৪ সালে ১.২২ কোটি যাত্রী বহন করেছে। এর মধ্যে সর্বাধিক যাত্রী সংখ্যা (৪৯.৭৮ লক্ষ) শিয়ালদহ স্টেশনে রেকর্ড করা হয়েছিল। দ্বিতীয় সর্বোচ্চ যাত্রী সংখ্যা (২১.৫৬ লক্ষ) সল্টলেকের স্টেশন ও স্টেশনে রেকর্ড করা হয়েছে এবং তারপরে করুণাময়ী স্টেশনে ১২.০৮ লক্ষ যাত্রী সংখ্যা। কলকাতা মেট্রোর পার্পল লাইন গত অর্থবছরে ১.৩৪ লক্ষ যাত্রী বহন করেছে। যেহেতু মেট্রো রেল হুগলি নদীর তলদেশে চলতে শুরু করেছে এবং নতুন অর্থবছরে নতুন করিডোরগুলি চালু হবে বলে আশা করা হচ্ছে, এই আর্থিক বছরে মেট্রো রেলের যাত্রী সংখ্যা আরও বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।



না নিজের ঘরের সমান রাস্তা ঘাটে শেষ হয়ে যাক। ঘরের সমান ঘরে রাখতে চাইবো, তাই নিম্নস্রই ঘরের মেয়েকে উন্নার স্থান দেবো, আশীর্বাদ দেবো।

